



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা

ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

Phone: 02223358681 email: dgmlad1@krishibank.org.bd



সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেডিটবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২১-২০২২/২৪৫(১২৫০)

তারিখঃ ১৬/০৮/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ এসিডি সার্কুলার নং-১ তারিখ ১৩/০৪/২০২০ এর আওতায় বিতরণকৃত ঋণ সমূহ এর নির্ধারিত মেয়াদান্তে সুদারোপ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০১, তারিখ ১৩ এপ্রিল ২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত সার্কুলার এর আওতায় বিতরণকৃত ঋণ সমূহ নির্ধারিত সময়ের পরে আদায়কৃত ঋণ সমূহের সুদারোপ বিষয়ে এসিডি সার্কুলার নং-০১ এ সুস্পষ্ট কোন নির্দেশনা না থাকায় এবং এ বিষয়ে মাঠ কার্যালয়ে অস্পষ্টতা দেখা দেয়ায় মাঠ কার্যালয়সমূহ হতে টেলিফোনে উক্ত পরিপত্রের আওতায় বিতরণকৃত ঋণ আদায়ের বিষয়ে ব্যাখ্যা চাওয়ার প্রেক্ষিতে ঋণের উপর সুদারোপ করার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো :

- (ক) নতুন গ্রাহকগণের মধ্যে চলতি মূলধন ঋণ হিসাবে বিতরিত ঋণ সমূহ নির্ধারিত মেয়াদের মধ্যে অর্থাৎ Due date পর্যন্ত ৪% হার সুদে ঋণ আদায় এবং Due date এর পর ঋণ আদায় এর ক্ষেত্রে Due date পর্যন্ত ৪% হার সুদে এবং Due date এর পর হতে ব্যাংকের প্রচলিত সুদ হারে সুদ ধার্য করতে হবে ;
- (খ) এ স্কীমের আওতায় বিদ্যমান গ্রাহকগণের মধ্য হতে ক্ষতিগ্রস্ত গ্রাহকগণকে বিদ্যমান ঋণ সুবিধার অতিরিক্ত ২০ শতাংশ পর্যন্ত চলতি মূলধন ঋণ সুবিধা প্রদান করা হয়ে থাকলে নির্ধারিত মেয়াদ শেষে সুদাসলে সম্পূর্ণ আদায় এর মাধ্যমে ঋণ হিসাব সমূহ বন্ধ করতে হবে তবে সেইক্ষেত্রে মূল ঋণ হিসাব সমূহ পূর্বের ন্যায় যথা সময়ে ব্যাংকের প্রচলিত নিয়মে নবায়ন/বর্ধিতকরণ করা যাবে। তবে, সুদ হিসাবায়নের ক্ষেত্রে ক নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণযোগ্য ;
- (গ) এসিডি সার্কুলার নং-০১ এর আওতায় স্বল্প মেয়াদী আকারে বিতরিত ঋণ সমূহ নির্ধারিত মেয়াদের মধ্যে অর্থাৎ Due date পর্যন্ত ৪% হার সুদে ঋণ আদায় করতে হবে। Due date এর পর ঋণ আদায় এর ক্ষেত্রে Due date পর্যন্ত ৪% হার সুদে এবং Due date এর পর হতে ব্যাংকের প্রচলিত সুদ হারে সুদাসলে সম্পূর্ণ ঋণ আদায় যোগ্য।

০৩। এমতাবস্থায়, এসিডি সার্কুলার নং-০১ এর আওতায় বিতরিত ঋণ সমূহে বর্ণিত নির্দেশনাবলী সহ অত্র ব্যাংক ও বাংলাদেশ ব্যাংকের প্রচলিত নিয়মবলী অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে আদায় করার জন্য অনুরোধ করা হলো। কোন অস্পষ্টতা বা ব্যাখ্যার প্রয়োজন হলে অত্র বিভাগের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব আজিজুল হক এর (মোবাইল নং -০১৭১৫২৮৩৯১৬) এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

চলমান পাতা-০২


বিষয়ঃ এসিডি সার্কুলার নং-১ তারিখ ১৩/০৪/২০২০ এর আওতায় বিতরণকৃত ঋণ সমূহ এর নির্ধারিত
মেয়াদান্তে সুদারোপ প্রসঙ্গে।

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৪(৩৪)/২০২১-২০২২/২৪৫(১২৫০)

তারিখঃ ১৬/০৮/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য(অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি
ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক